অসুস্থ বাবার ভরণপোষণ না দেওয়ার অভিযোগ তাশরীফের বিরুদ্ধে



ছবি: সংগৃহীত

ইসলামী বক্তা হাফেজ ক্বারি জুবায়ের আহমাদ তাশরীফের বিরুদ্ধে অসুস্থ বাবার খোঁজখবর না রাখা ও আর্থিক সহায়তা না দেওয়ার অভিযোগ উঠেছে। সোমবার (২৬ অক্টোবর) রাতে দৈনিক কালের কণ্ঠকে দেওয়া এক ভিডিও সাক্ষাৎকারে তাঁর বাবা মাওলানা মো. হেদায়েতুল্লাহ কান্নাজড়িত কণ্ঠে এসব অভিযোগ করেন।

সাক্ষাৎকারে হেদায়েতুল্লাহ বলেন, কষ্ট করে ছেলেকে পড়াশোনা করিয়ে হাফেজ ও মাওলানা বানিয়েছেন। ছোটবেলায় ছেলের অসুস্থতার সময় মানুষের কাছ থেকে টাকা সংগ্রহ করে বিভিন্ন হাসপাতালে চিকিৎসা করিয়েছেন। অথচ এখন নিজের চিকিৎসার জন্য টাকা চেয়েও ছেলের কাছ থেকে সহায়তা পাচ্ছেন না বলে অভিযোগ তাঁর।

তিনি আরও বলেন, ছেলের কথায় মসজিদের ইমামতির চাকরি ছেড়ে দিয়েছিলেন। বিনিময়ে প্রতি মাসে ১০ হাজার টাকা দেওয়ার কথা থাকলেও পরে কোনো অর্থ পাননি। ছেলেকে বারবার ফোন করেও যোগাযোগ করতে পারেন না বলেও জানান তিনি।

হেদায়েতুল্লাহর অভিযোগ, ছেলের আর্থিক সামর্থ্য ও বন্ধুবান্ধব থাকলেও তাঁর খোঁজখবর নেওয়া হয় না। এমনকি কোরবানির ঈদে ছেলের জন্য এলাকায় গরু কোরবানি দেওয়ার কথা হলেও তিনি কোনো গোশত পাননি বলে দাবি করেন।

তবে এসব অভিযোগের বিষয়ে জুবায়ের আহমাদ তাশরীফের কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।

সম্প্রতি গাজীপুরের টঙ্গীর একটি মাদ্রাসার এক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌন নিপীড়নের অভিযোগ এবং তাঁকে মারধরের ভিডিও ছড়িয়ে পড়ার পর ওই শিক্ষককে নিয়ে তাশরীফের বক্তব্য সামাজিক যোগাযোগমাধ্যমে বিতর্ক তৈরি করে। ফেসবুকে তিনি লেখেন, 'নাবালক ছোট বাচ্চাকে চুমু দেওয়া ১০০ বার জায়েজ।'